

দৈনিক

গ্রাম্য পত্রিকা

সোমবার • ৫ সেপ্টেম্বর ২০০৫

বড় প্রতিষ্ঠানের মালিক গরিব মানুষ, সারা বিশ্বের জন্য উদাহরণ

ড. ইউনুস



অর্থনৈতিক রিপোর্টার :
অর্থনৈতিক কার্যক্রমে
দরিদ্রদের অংশগ্রহণ নিশ্চিত
করতে পারলেই দেশের
উন্নতি সম্ভব হবে। গ্রামীণ
বাংকের প্রতিষ্ঠানটি ও
বিশ্বখ্যাত অর্থনীতিবিদ
প্রফেসর ড. মুহম্মদ ইউনুস
গতকাল ঢাকা স্টক
এক্সচেঞ্জে গ্রামীণ মিউচ্যুয়াল
ফান্ডের প্রথম লেনদেন
কার্যক্রমের উদ্বোধনকালে
একথা বলেন। এ সময়
অন্যদের মধ্যে উপস্থিত

ছিলেন ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) প্রেসিডেন্ট শাহিক
খান, ভাইস প্রেসিডেন্ট আহমদ রশিদ লালি, প্রধান নির্বাহী
কর্মকর্তা সালেহ উদ্দিন আহমেদ খান প্রমুখ। প্রফেসর ইউনুস
বলেন, একটি বড় প্রতিষ্ঠানের মালিক হলো গরিব মানুষ— এটা
সারাবিশ্বের জন্য একটি উদাহরণ হতে পারে। গ্রামীণ
মিউচ্যুয়াল ফান্ডের শেয়ার ছাড়ার বিষয়ে তিনি বলেন, এর ফলে
গরিব মানুষ প্রতিষ্ঠানের মালিক হবে। তারা এর মাধ্যমে
নিজেদের উন্নয়নের সুযোগ পাবে। তিনি বলেন, এর মাধ্যমে
দরিদ্রদের মালিকানা সম্পদের লেনদেন হবে যার ফলে তাদের
আয়ের সম্ভাবনা বাড়বে। ডিএসসি প্রেসিডেন্ট এ সময় প্রফেসর
ইউনুসকে গ্রামীণ ব্যাংককে পুঁজি বাজারে নিয়ে আসার অনুরোধ
জানান। গতকাল গ্রামীণ মিউচ্যুয়াল ফান্ডের লেনদেনের প্রথম
দিনে ১০ টাকা মূল্যমানের শেয়ারের দাম ২০ টাকায় পৌছে।